



# বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

(তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়)

“ডেভেলপমেন্ট অব ন্যাশনাল আইসিটি ইনফ্রা-নেটওয়ার্ক ফর বাংলাদেশ গভর্নমেন্ট (বাংলাগভনেট)” শীর্ষক প্রকল্প

বিসিসি ভবন, প্লট # ই-১৪/এস, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

ফোন : ৮১৪৪৬৬১ ফ্যাক্স : ৮৮-০২-৯১২৪৬২৬, Web: www.bcc.net.bd

স্মারক নং- ৩৯.১০৯.০১১.০০.০১.১৩৪১.২০১১-৩০৬


তারিখ : ২৩.০১.২০১২ খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক বাস্তবায়নাবীন “ডেভেলপমেন্ট অব ন্যাশনাল আইসিটি ইনফ্রা-নেটওয়ার্ক ফর বাংলাদেশ গভর্নমেন্ট (বাংলাগভনেট)” শীর্ষক প্রকল্পের আওতায় প্রকল্প বাস্তবায়ন ইউনিট, জেলা আইসিটি সেন্টার ও ন্যাশনাল আইসিটি সেন্টারে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প মেয়াদে (জুন, ২০১৩ পর্যন্ত) ক্রমিক নং ০১ পদে নিয়োগ/প্যানেল এবং ক্রমিক নং ০২ থেকে ০৫ পদে পদ শূন্য হলে নিয়োগের জন্য প্যানেল তৈরীর লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে পূর্ণ জীবন-বৃত্তান্তসহ দরখাস্ত আহ্বান করা হচ্ছে :

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা	বয়স (বছর)	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	সিনিয়র সিস্টেমস এনালিস্ট	০১টি	২৮ - ৪০ বছর	গ্রেড ৪ অনুযায়ী সাকুল্যে বেতন	ক) যে কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী অথবা ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার বিজ্ঞান এ স্নাতক ডিগ্রী। খ) কোন স্বীকৃত পেশাগত কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্য হতে হবে। গ) কোন প্রতিষ্ঠানে সিস্টেমস এনালিস্ট পদে কমপক্ষে ৫ বছরের কর্ম অভিজ্ঞতা থাকতে হবে (কম্পিউটার বিজ্ঞান/ইঞ্জিনিয়ারিং-এ স্নাতকোত্তর ডিগ্রীধারীদের ক্ষেত্রে ২ (দুই) বছরের অভিজ্ঞতা)।
০২	মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার	০১টি	২২-৩৫ বছর	গ্রেড ৬ অনুযায়ী সাকুল্যে বেতন	ক) কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল অথবা ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং এ বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। খ) কোন কম্পিউটার স্থাপনায় সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার হিসেবে কমপক্ষে ৪ বছরের কর্ম অভিজ্ঞতা থাকতে হবে, বিশেষ ক্ষেত্রে শিথিলযোগ্য।
০৩	সহকারী প্রোগ্রামার (কর্মস্থলঃ সকল জেলা)	৬৬টি	অনুর্ধ্ব ৩০ বছর	গ্রেড ৯ অনুযায়ী সাকুল্যে বেতন	ক) যে কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী, অথবা ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার বিজ্ঞান এ স্নাতক ডিগ্রী। খ) প্রোগ্রামিং-এর স্ট্যাভার্ড এ্যাপ্লিচ্যুড টেস্ট-এ অবশ্যই উত্তীর্ণ করতে হবে।
০৪	কম্পিউটার অপারেটর	০১টি	অনুর্ধ্ব ৩০ বছর	গ্রেড ১৩ অনুযায়ী সাকুল্যে বেতন	ক) ন্যূনতম স্নাতক ডিগ্রী (বিজ্ঞান বিভাগ অগ্রাধিকার পাবে) উত্তীর্ণ। খ) কম্পিউটার ব্যবহারে পর্যাপ্ত দক্ষতা এবং এম.এস অফিস প্রোগ্রামে (বাংলা ও ইংরেজী উভয় ক্ষেত্রে) দক্ষতা থাকতে হবে। গ) অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে। ঘ) প্রার্থীকে মানসম্পন্ন এ্যাপ্লিচ্যুড টেস্টে অবশ্যই উত্তীর্ণ হতে হবে।
০৫	হিসাবরক্ষক	০১টি	অনুর্ধ্ব ৩০ বছর	গ্রেড ১৪ অনুযায়ী সাকুল্যে বেতন	ক) যেকোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে সর্বনিম্ন ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী। খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। গ) কম্পিউটার ব্যবহারে প্রার্থীর অবশ্যই পর্যাপ্ত দক্ষতা থাকতে হবে।

অগ্রহী প্রার্থীগণকে সাদা কাগজে নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা (ই-মেইল এড্রেস ও একটিভ মোবাইল নম্বরসহ), শিক্ষাগত যোগ্যতা, জন্ম তারিখ ও ২৩/০২/২০১২ খ্রিঃ তারিখে বয়স, পত্র যোগাযোগের জন্য প্রতিটিতে ৫/- (পাঁচ) টাকার ডাকটিকেট লাগানো নিজ ঠিকানা সম্বলিত ৩টি ৯" x ৪.৫" খাম, জাতীয়তা ও অভিজ্ঞতার বিবরণসহ আবেদনপত্র আগামী ২৩/০২/২০১২ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌঁছাতে হবে। আবেদনপত্রের সাথে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি, ৩ কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি, স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনারের নিকট থেকে নাগরিকত্বের সনদপত্র, ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র প্রকল্প পরিচালক, বাংলাগভনেট প্রকল্প বরাবরে ০১ থেকে ০৩ নং পদ সমূহের জন্য ২০০/- (দুইশত) টাকা এবং ০৪ ও ০৫ নং পদের জন্য ১০০/- (একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ দাখিল করতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। খামের উপর প্রকল্পের নাম এবং পদের নাম উল্লেখ করতে হবে। চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে। একই ধরনের প্রকল্পে কর্মরত ও অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। নিয়োগ/প্যানেল প্রস্তুতের ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত সকল বিধি-বিধান অনুসরণ করা হবে।



(মোঃ ময়েন উদ্দিন খান)

যুগ্ম-সচিব ও প্রকল্প পরিচালক

বাংলাগভনেট প্রকল্প

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল।